গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ২৭ ডিসেম্বর ২০১৬, ১৩ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী নির্বাচন হবে গণতান্ত্রিক পদ্ধতিতে : মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী

২। অ্যাপটায় মঙ্গোলিয়াকে অন্তর্ভুক্তির প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

৩। নির্বাচন কমিশনে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীদের চায় জাসদ : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ

৪। নারীর অধিকার প্রতিষ্ঠায় পুরুষদের মানসিকতা পরিবর্তন করতে হবে : রাষ্ট্রপতি

৫। পাকিস্তানী ১৯৫ যুদ্ধাপরাধীরও বিচার হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৬। বিআইডব্লিওটিসির জন্য আরো ৩৫টি জাহাজ নির্মাণ করা হবে : নৌ-পরিবহণমন্ত্রী

৭। জেলা পরিষদ নির্বাচন আগামীকাল : সংসদ সদস্যদের নিজ এলাকায় অবস্থানে নির্বাচন কমিশনের নিষেধাজ্ঞা

৮। আশুলিয়ায় বন্ধ কারখানা খুলে দেওয়া হয়েছে, ফিরে আসছে শ্রমিকরা

৯। অনলাইনে ভারতের ট্রেনের টিকিট করা যাবে বাংলাদেশ থেকে

১০। রিহ্যাব ফেয়ারে ৫২০ ফ্ল্যাট ও ১৪৫ প্লট বুকিং

চলমান পাতা-২

১।　　**আগামী নির্বাচন হবে গণতান্ত্রিক পদ্ধতিতে : মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী**

গণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্বের অন্যান্য দেশের মতোই বাংলাদেশে আগামী জাতীয় নির্বাচন হবে। অবাধ, সুষ্ঠু নির্বাচনের জন্য আওয়ামী লীগ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার প্রচলন করেছিল। কিন্তু এখন সেই বাস্তবতা নেই। তাই তত্ত্বাবধায়ক সরকারের কোনো প্রয়োজন নেই। মন্ত্রিসভার আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার মন্ত্রিসভার নিয়মিত আলোচনায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচন অংশগ্রহণমূলক, সুষ্ঠু ও শান্তিপূর্ণ হওয়ায় মন্ত্রিসভায় স্বস্তি প্রকাশ করা হয়। এ প্রসঙ্গে আলোচনার এক পর্যায়ে প্রধানমন্ত্রী আরো বলেন, আগামীতে জাতীয় নির্বাচন অংশগ্রহণমূলক, শান্তিপূর্ণ এবং সুষ্ঠু ও অবাধ হবে। গণতান্তিক ব্যবস্থার বাইরে কোনো পদ্ধতি এখন আর গ্রহণযোগ্য নয়। দেশের মানুষও তা মেনে নেবে না। সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত এ সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **ইত্তেফাক** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২।　　**অ্যাপটায় মঙ্গোলিয়াকে অন্তর্ভুক্তির প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ছয়টি দেশের মধ্যে বিদ্যমান বাণিজ্য চুক্তিতে সপ্তম দেশ হিসেবে মঙ্গোলিয়াকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২৬ ডিসেম্বর সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এশিয়া প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্টের (অ্যাপটা) দ্বিতীয় সংশোধনীর খসড়ার অনুমোদন দেওয়া হয়। সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানিয়ে বলেন, বাংলাদেশসহ সবগুলো সদস্য দেশ সংশোধনী প্রস্তাবের খসড়া অনুমোদন দিলে **১৩** জানুয়ারি থাইল্যান্ডে অ্যাপটার মন্ত্রী পর্যায়ের সভায় মঙ্গোলিয়াকে অন্তর্ভুক্তির চুক্তি স্বাক্ষরিত হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৩।　　**নির্বাচন কমিশনে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীদের চায় জাসদ : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করে সার্চ কমিটি ও নির্বাচন কমিশন গঠনে ৭ দফাসহ মুক্তিযুদ্ধের চেতনা ও সংবিধানের চার মূল নীতিতে আস্থাশীল ব্যক্তিদের রাখার প্রস্তাব দিয়েছে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)। সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা সাপেক্ষে সংবিধান মতে রাষ্ট্রপতি মুক্তিযুদ্ধের চেতনায় নির্বাচন কমিশন গঠনে যে সিদ্ধান্ত নেবেন সেই সিদ্ধান্তই মেনে নেওয়া হবে বলে জানিয়েছে দলটি। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে জাসদের **১২** সদস্যের একটি প্রতিনিধি দল তাদের ৭ দফা প্রস্তাবগুলো তুলে ধরেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

৪।　　**নারীর অধিকার প্রতিষ্ঠায় পুরুষদের মানসিকতা পরিবর্তন করতে হবে : রাষ্ট্রপতি**

সমাজে নারীর অধিকার প্রতিষ্ঠায় পুরুষদের মানসিকতা পরিবর্তনের আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, নারী উন্নয়নের ক্ষেত্রে অনেক অগ্রগতি সাধিত হলেও এখনও সমাজের সর্বত্র নারীর অধিকার পুরোপুরি প্রতিষ্ঠিত হয়নি। এ জন্য আমাদের বিশেষ করে পুরুষদের মানসিকতার পরিবর্তন করতে হবে। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার রাজধানীর লালমাটিয়া মহিলা কলেজের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

৫।　　**পাকিস্তানী ১৯৫ যুদ্ধাপরাধীরও বিচার হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, চিহ্নিত **১৯৫** জন পাকিস্তানী যুদ্ধাপরাধীর বিচার করা হবে। এই যুদ্ধাপরাধীদের বিচারে প্রয়োজনে আন্তর্জাতিক আদালতে যাওয়া হবে। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার রাজধানীর মুক্তিযুদ্ধ জাদুঘরে বাংলাদেশ গণআজাদী লীগ আয়োজিত মুক্তিযুদ্ধের বিজয় মঞ্চ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৮)।

৬। বিআইডব্লিওটিসির জন্য আরো ৩৫টি জাহাজ নির্মাণ করা হবে : নৌ-পরিবহণমন্ত্রী

বিআইডব্লিওটিসির জন্য নিউ ওয়েস্টার্ন মেরিন শিপ বিল্ডার্স নির্মিতব্য অভ্যন্তরীন নৌরুটে চলাচল উপযোগী যাত্রীবাহী ব্যাসেলের নির্মাণ কাজ (কিল লেইং) শুরু হয়েছে। গত ২৫ ডিসেম্বর রোববার নৌ পরিবহণমন্ত্রী শাজাহান খান নির্মাণ কাজের উদ্বোধন করেন। নির্মিতব্য নৌযানটির দৈর্ঘ্য ৭৪ দশমিক ২২ মিটার ও প্রস্থ ১২ দশমিক ৫০ মিটার, গতিবেগ ১২ নটিক্যাল মাইল এবং গভীরতা ৩ মিটার। কিল লেইং অনুষ্ঠানে শাজাহান খান বলেন, ওয়েস্টার্ন মেরিন ইতিপূর্বে বিআইডব্লিওটিসির জন্য বেশকিছু জাহাজ বানিয়েছে। আশা করি নতুন এই জাহাজটি মানের দিক থেকে সেরা হবে এবং নির্দিষ্ট সময়ে হস্তান্তর করবে। সেই সাথে বিআইডব্লিওটিসির জন্য আগামীতে আরো অন্তত ৩৫টি জাহাজ নির্মাণের প্রয়োজন হবে। সেখানেও ওয়েস্টার্ন মেরিন অংশগ্রহণের সুযোগ আছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

৭। জেলা পরিষদ নির্বাচন আগামীকাল : সংসদ সদস্যদের নিজ এলাকায় অবস্থানে নির্বাচন কমিশনের নিষেধাজ্ঞা

আগামীকাল ২৮ ডিসেম্বর বুধবার সারাদেশে ৬১টি জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে সামনে রেখে জাতীয় সংসদ সদস্য (এমপি) ও মন্ত্রীদের নিজেদের নির্বাচনী এলাকায় যাওয়া এবং অবস্থানের ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করেছে নির্বাচন কমিশন। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার শেরেবাংলা নগরে নির্বাচন কমিশনের নিজস্ব কার্যালয়ে এ নির্দেশনার কথা জানান নির্বাচন কমিশনার মো. শাহনেওয়াজ। তিনি বলেন, দেশে প্রথম ইলেকট্রোরাল কলেজ ভোট পদ্ধতিতে জেলা পরিষদ নির্বাচন হচ্ছে, এটি একটি নতুন সংযোজন। আমরা সুন্দরভাবে নির্বাচনটি করতে চাই। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৮। আশুলিয়ায় বন্ধ কারখানা খুলে দেওয়া হয়েছে, ফিরে আসছে শ্রমিকরা

ঢাকার আশুলিয়ায় বন্ধ কারখানাগুলো খুলে দেওয়া হয়েছে। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার মালিকপক্ষ গার্মেন্টসগুলো খুলে দিলে শ্রমিকরা কাজে যোগদান করেন। গার্মেন্টসগুলোর পরিস্থিতি এখন স্বাভাবিক। অপরদিকে শ্রমিকদের কাজে বাধা ও নাশকতার সঙ্গে জড়িত প্রায় ১৪৭ জনকে শনাক্ত করা হয়েছে। এর মধ্যে ২২ থেকে ২৩ জনকে গ্রেফতার করা হয়েছে। আশুলিয়ায় এখনও অতিরিক্ত নিরাপত্তা ফোর্স মোতায়েন রয়েছে। ঢাকা জেলা পুলিশ সুপার শাহমিজান শাফিউর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গার্মেন্টস শিল্প রক্ষায় আইনশৃঙ্খলা বাহিনী কাজ করছে। পরিস্থিতি এখন সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)। **জনকণ্ঠ, সমকাল, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। অনলাইনে ভারতের ট্রেনের টিকিট করা যাবে বাংলাদেশ থেকে

সার্কভুক্ত দেশগুলোর মধ্যে অর্থনৈতিক সম্পর্ক জোরদারের অংশ হিসেবে শীঘ্রই প্রতিবেশীদের জন্য অনলাইনে ট্রেনের টিকিট বুকিং দেওয়ার সুযোগ করে দেবে ভারত। এ ব্যাপারে বাংলাদেশের সঙ্গে হাইকমিশন পর্যায়ে অনানুষ্ঠানিক আলোচনা শুরু হয়েছে বলে গতকাল ২৬ ডিসেম্বর সোমবার ইন্ডিয়ান এক্সপ্রেসের খবরে বলা হয়েছে। ভারতের রেলওয়ে মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, ভারত ভ্রমণে আগ্রহী বাংলাদেশিরা যাতে অনলাইনে ট্রেনের টিকিট বুকিং দিতে পারেন, সে ব্যাপারে একটি প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। এর ফলে পর্যটকরা রেলওয়ে স্টেশনে না গিয়ে ঘরে বসেই ট্রেনের টিকিট বুকিং দিতে পারবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

১০। রিহ্যাব ফেয়ারে ৫২০ ফ্ল্যাট ও ১৪৫ প্লট বুকিং

পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত রিহ্যাব ফেয়ারে ৫২০ ফ্ল্যাট ও ১৪৫ প্লট বুকিং হয়েছে। গত ২৫ ডিসেম্বর রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিপুলসংখ্যক ক্রেতা-দর্শনার্থীর পদচারণা এবং উল্লেখযোগ্যসংখ্যক ফ্ল্যাট ও প্লট বুকিংয়ের মধ্য দিয়ে ৫ দিনব্যাপী এ মেলা শেষ হয়। বিগত বছরের তুলনায় মেলায় ক্রেতা দর্শনার্থীর সমাগম ছিল অনেক বেশি। গতকাল ২৬ ডিসেম্বর সোমবার গণমাধ্যমে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (রিহ্যাব) থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক. ৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬) ।

সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** রোহিঙ্গা শরণার্থীদের আশ্রয় দেওয়ার নামে এক শ্রেণির বাংলাদেশি জমি দখল ও আশ্রয়-বাণিজ্য চালু করায় আশ্রয়ণের নামে এ ধরনের ব্যবসা বন্ধ করতে সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** সাধারণ মানুষ হত্যা করে সন্ত্রাসীরা কোনো আদর্শ বা মতবাদ প্রতিষ্ঠা করতে পারবে না, সন্ত্রাসীদের কোনো ধর্ম নেই তাদের পরিচয় তারা শুধুই জঙ্গি ও সন্ত্রাসী বলে অভিমত প্রকাশ।

গ. **যুগান্তর :** জেলা পরিষদ নির্বাচনে কঠোর পর্যবেক্ষণ, প্রার্থী ও ভোটারদের নিরাপত্তা ও যাতায়াত নির্বিঘ্ন করার ব্যবস্থা সরকার ও নির্বাচন কমিশনকে নিশ্চিত করার মাধ্যমে নির্বাচন অবাধ ও সুষ্ঠু হওয়ার প্রত্যাশা।

ঘ. **সংবাদ :** শুধু পুলিশি অভিযানের মাধ্যমে জঙ্গিবাদ প্রতিরোধ করা যাবে না বরং জঙ্গিবাদকে কার্যকরভাবে প্রতিরোধ করতে হলে এর বিপদ ও ভয়াবহতা সম্পর্কে প্রতিটি নাগরিককে সচেতন হতে হবে বলে অভিমত প্রকাশ।

ঙ. **ইত্তেফাক :** সরকারকে এমন একটি প্রতিবন্ধীবান্ধব নীতি গ্রহণ করতে হবে যাতে সরকারের পাশাপাশি বেসরকারি খাত এবং ব্যক্তি-উদ্যোক্তারাও এক্ষেত্রে যথাযথ অবদান রাখতে পারে বলে অভিমত ব্যক্ত।

চ. **ডেইলি সান :** আবাসন খাতের ব্যবসায়ীরা সঙ্কটের মুখোমুখি হওয়ায় সরকারকে আর্থিক সহযোগিতাসহ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদানের সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সরকার কর্তৃক সকল নিরাপত্তা বিষয়ক পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে এবং সকল স্তরের মানুষের সহযোগিতায় ইংরেজি নতুন বর্ষ উদ্‌যাপন শান্তিপূর্ণ হওয়ার প্রত্যাশা।

জ. **ইন্ডিপেনডেন্ট :** মৌলভীবাজারের লাউয়াছড়া বনাঞ্চলে বিভিন্ন যানবাহন ও ট্রেনের ধাক্কায় বন্যপ্রাণীর মৃত্যুহার বেড়ে যাওয়ায় এ অবস্থা নিরসনে গণসচেতনতা সৃষ্টি করার পাশাপাশি সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে **বাণিজ্যের ফাঁদে পাবলিক বা সর্বজনের শিক্ষা** শিরোনামেআনু মুহাম্মদ শিক্ষকদের মধ্যে বাণিজ্যিক প্রবণতা থেকে টেন্ডারবাজি, চাঁদাবাজি, নিয়োগ বাণিজ্য ও পরীক্ষার প্রশ্ন ফাঁস পর্যন্ত বিস্তৃত হয়েছে বলে উল্লেখ করেছেন।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে **বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও টিআইবির প্রতিবেদন** শিরোনামে ড. ইকবাল হুসাইন সরকারি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে নিয়োগ পেতে হলে তাকে অনিয়ম-দুর্নীতির আশ্রয় নিতে হবে মানুষের মধ্যে এ ধরনের নেতিবাচক ধারণা তৈরি হওয়া সমীচীন নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা